



হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

<https://hau.ac.bd>

prp@hau.ac.bd

তারিখঃ ২৬ মার্চ ২০২৬

“মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬” উপলক্ষে হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যের বাণী

আজ ২৬ মার্চ “মহান স্বাধীনতা ও জাতীয় দিবস” বাঙালি জাতির ইতিহাসে এক গৌরবময় ও স্মরণীয় দিন। ১৯৭১ সালের এই দিনে বিশ্বের মানচিত্রে একটি স্বাধীন-সার্বভৌম রাষ্ট্র হিসেবে বাংলাদেশের আত্মপ্রকাশের সংগ্রাম শুরু হয়েছিল। দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত এ স্বাধীনতা আমাদের জাতীয় গৌরবের প্রতীক।

আমি গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী ৩০ লক্ষ শহীদ এবং সল্পমহারা মা-বোনদের, যাদের অসীম ত্যাগের বিনিময়ে আমরা স্বাধীনতা লাভ করেছি। মুক্তিযোদ্ধাদের কেউ সম্মুখ সমরে যুদ্ধ করেছেন, কেউ মুক্তিযোদ্ধাদের অকুতোভয় সহায়তা দিয়েছেন, আবার কেউবা অকথ্য নির্যাতনের শিকার হয়েছেন। সেই সব মুক্তিযোদ্ধা, স্বজনহারা পরিবার এবং মুক্তিকামী জনতার প্রতি জানাচ্ছি বিনম্র শ্রদ্ধা ও গভীর সমবেদনা। যারা স্বজন হারিয়েছেন, নির্যাতিত হয়েছেন সেইসব মুক্তিযোদ্ধা ও মুক্তিকামী জনতার প্রতি জানাচ্ছি বিনম্র শ্রদ্ধা এবং গভীর সমবেদনা প্রকাশ করছি।

স্বাধীনতা আমাদের জাতীয় চেতনা, ঐক্য ও আত্মমর্যাদার ভিত্তি। আজকের দিনে আমরা শুধু আমাদের স্বাধীনতার ইতিহাসকে স্মরণ করি না, বরং ভবিষ্যতের বাংলাদেশ গড়ার জন্য আমাদের নতুন দৃষ্টিভঙ্গি, কাজের প্রতি নিষ্ঠা, এবং আন্তরিকতা দিয়ে আমাদের ভূমিকা পালন করতে শপথ গ্রহণ করি। এ দিবসে আমরা অঙ্গীকার করি দেশের উন্নয়ন, শিক্ষার প্রসার এবং মানবকল্যাণে যার যার অবস্থান থেকে নিজেদের সর্বোচ্চ অবদান রাখব। বিশ্ববিদ্যালয়সমূহ দেশের অগ্রযাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং আমাদের শিক্ষার্থীরা জ্ঞান ও গবেষণার মাধ্যমে জাতির উন্নয়নে অগ্রণী ভূমিকা রাখছে।

স্বাধীনতার চেতনায় উদ্বুদ্ধ হয়ে আমরা একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে ঐক্যবদ্ধভাবে কাজ করে যাব এটাই আমাদের প্রত্যাশা।


উপাচার্য

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ-৩৩০০